

## শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

শ্রেণি- চতুর্থ

বিষয়- ইতিহাস

একক: শিক্ষা সংস্কৃতি ও শিল্পের স্রষ্টা মানুষ(70-76পাতা)

উপ একক-প্রথম থেকে রোমের শিক্ষা, সংস্কৃতি শিল্প স্থাপত্য(70, 71 পাতা)

1) ধীরে ধীরে শিল্প সংস্কৃতির গুরুত্ব বেড়েছে কিভাবে ?  
উঃ মানুষ নিজেদের মনের আনন্দ বিধানের জন্য এবং অবসর সময়কে সুন্দরভাবে কাটানোর জন্য বিভিন্ন প্রকার কাজ করেছে। হাজার হাজার বছরের চেষ্ঠায় মানুষ একটু একটু করে শিক্ষা শিল্প ও সংস্কৃতির বিকাশ ঘটিয়ে প্রকৃত সভ্য হয়ে উঠেছে। আর সভ্যতার উন্নতির সাথে সাথে শিল্প-সংস্কৃতি শিক্ষার গুরুত্ব দিন দিন বেড়েই চলেছে।

2) গ্রীস লোকেরা কেমন নগর করে তুলেছিল ?  
উঃ গ্রিসের নগর গুলি ছিল পাঁচিল দিয়ে ঘেরা। নগর গুলিতে জল-সরবরাহ ও জল নিষ্কাশন এর সুন্দর ব্যবস্থা ছিল।

3) গ্রীকরা কি কি বানাতেন?  
উঃ গ্রীকরা মাটি বা পাথরের মূর্তি তৈরি করতেন আর ধাতু দিয়েও নানা অলংকার বানাতেন।

4)গ্রিসের লোকেরা তাদের ছেলেদের কি শোনাতেন?  
কেন?

উঃগ্রীস দেশের লোকেরা তাদের ছেলেদের বীর তৈরি করতে চাইতেন আর তাই জন্যই হোমারের লেখা ইলিয়াড ও ওডিসি মহাকাব্যের বীরত্বের কথা পড়ে শোনাতেন।

5)অলিম্পিক খেলা চালু হয়েছিল কেন? এটি কত বছর অন্তর হয় ?

উঃগ্রিসের লোকেরা ছোট ছোট রাজ্য গুলির সঙ্গে সদ্ভাব টিকিয়ে রাখার জন্য অলিম্পিক খেলা চালু করেছিলেন । প্রতি চার বছর অন্তর অলিম্পিক খেলা হয়।

6)কাকে, কেন ইতিহাসের জনক বলা হয়?

উঃগ্রিক পন্ডিত হেরোডোটাস কে ইতিহাসের জনক বলা হয়। কারণ তিনি নানা দেশ ঘুরে বিভিন্ন তথ্য সংগ্রহ করেন এবং সেই সব তথ্যের ওপর ভিত্তি করে প্রথম তিনি ইতিহাস রচনার কাজ শুরু করেছিলেন । তার লেখা প্রথম বইটির নাম account history ।

7)প্রাচীন রোমের শিক্ষা, সংস্কৃতি ও স্থাপত্য -এর কী কী উন্নতি হয়েছিল?

উঃ বই 71 পাতা

বই ভালোভাবে রিডিং পড়বে.

প্রশ্নোত্তরগুলো ভালোভাবে পড়বে

\*\*71পাতায় 'প্রাচীন' গ্রিসে' হবে না, 'প্রাচীন' রোমে 'তৈরী হয়েছিল অ্যান্টিফিথিয়েটার

দ্রঃ

- ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।
- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।